বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# Bangladesh Securities and Exchange Commission

বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৪৭/২০২২/৬০৫
তারিখ: এপ্রিল ১৮, ২০২২

o/c

20.4.2022
DD (MIS)

Shyamol Equity Management Ltd.
DSE TREC No. 003
Room # 319, 9/E, Motijheel C/A, Dhaka-1000
Dhaka - 1000

**Attention: Managing Director/CEO**

**বিষয়:** আদেশ।

কমিশনের আদেশ নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৪৭/২০২২/৬০১ তারিখ: ১৮ এপ্রিল, ২০২২ এর সত্যায়িত অনুলিপি আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

18.04.2022

**মুহাম্মদ সাদেকুর রহমান ভূঁইয়া**
**সহকারী পরিচালক (এনফোর্সমেন্ট)**
ই-মেইল- msrahman@sec.gov.bd

**অবগতির জন্য অনুলিপি:**

১। নির্বাহী পরিচালক, এমএসআই, বিএসইসি,
২। নির্বাহী পরিচালক, এমআইএস, বিএসইসি,
৩। চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিএসইসি।

## Bangladesh Securities and Exchange Commission

নং- বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৪৭/২০২২/ তারিখঃ ১৮ এপ্রিল, ২০২২

# আদেশ

যেহেতু, Securities and Exchange Ordinance, 1969 এর Section 2 (cc) মোতাবেক "কমিশন" অর্থ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন যা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩-এর অধীনে গঠিত;

যেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পত্র নং BSEC/MSI/2020-980/259 dated September 13, 2021 মাধ্যমে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড Tamijuddin Textile Mills Ltd. এর শেয়ার লেনদেনের ১৩-০৬-২০২১ থেকে ১৩-০৯-২০২১ পর্যন্ত সময়ের জন্য অনুসন্ধান (investigation) কার্যক্রম পরিচালনা করেছে এবং কমিশনে এ সংক্রান্ত একটি প্রতিবেদন দাখিল করেছে। অনুসন্ধান প্রতিবেদন থেকে অন্যান্যের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি উপস্থাপিত হয়:

**Non Compliance of Shyamol Equity Management Ltd. (DSE TREC No-003) in connection with top buyer Mr. Bazlur Rahman (client code # B1058)**

**Observations:**

As per BSEC Order No. SEC/SRMID/94-231/1640 dated 31 January 2008, money adjustment facilities are applicable in respect of A, B, G and N category securities only. Whereas, Mr. Bazlur Rahman (client code # B1058), client of Shyamol Equity Management Ltd. bought 'TAMIJTEX' shares (which was a "Z" category share) by using money adjustment facilities as shown here:

| Client Code | Buy Date | Prev. Day End /Matured Balance | Cheque/ Cash Received | Made Payment | Buy Amount (TAMIJTEX) | Sale Amount of other securities | Day End Balance | Netting Amount with Z (TAMIJTEX) |
|---|---|---|---|---|---|---|---|---|
| B1058 (Cash client) | 22-08-21 | 735,881.80 | 0 | 0 | 1,192,112.41 | 5,439,381.13 | 1,233,574.31 | 456,230.61 |
| | 05-09-21 | 1,384,732.06 | 0 | 10,000,000.00 | 1,114,758.75 | 11,230,496.39 | 1,500,469.70 | 1,114,758.75 |

Moreover, it was also observed that Shyamol Equity Management Ltd. (DSE TREC No-003) made payment to the aforesaid client (client code # B1058) without having sufficient balance in his code.

| Client Code | Payment date | Payment Amount | Prev. Day End/Matured Balance | Excess amount paid to the client |
|---|---|---|---|---|
| B1058 (cash client) | 05-09-21 | 10,000,000.00 | 1,384,732.06 | 8,615,267.94 |

**Whereas as per** সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর ধারা ১১, *"প্রত্যেক স্টক ডিলার, স্টক ব্রোকার এবং অনুমোদিত প্রতিনিধি সর্বোচ্চ সততা ও বিশ্বস্ততার সহিত তাহার কাজকর্ম পরিচালনা করিবেন এবং আইন, অধ্যাদেশ, এই বিধিমালা এবং দ্বিতীয় তফসিলে বিধৃত আচরণ বিধিসহ নিবন্ধন সনদের সকল শর্তাবলী যাথাযথভাবে পালন করিবেন।"*



Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh
Phone (PABX): +88-02-55007131-2, Fax: +88-02-55007106, Email: info@sec.gov.bd, Web: www.sec.gov.bd

**Whereas as per সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ২(২),** *"তিনি মক্কেলের প্রদত্ত সুনির্দিষ্ট তথ্য ভিত্তিক ফরমায়েস অনুসারে সিকিউরিটি ক্রয়-বিক্রয় এবং উহার কারবার করিবেন এবং মক্কেলের ফরমায়েস মোতাবেক ক্রয় বিক্রয় করিতে পারিলেন কি না তাহা যথাসময়ে লিখিতভাবে তাহাকে অবহিত করিবেন এবং কোন সিকিউরিটি বিক্রয় করিয়া থাকিলে বিক্রয় লব্ধ অর্থ মক্কেলকে যথাসময়ে পরিশোধ করিবেন ............"* and

Whereas as per regulation 15 of the Dhaka Stock Exchange (Settlement of Transactions) Regulations, 2013 *"A TREC holder shall make settlement to its client by crediting securities to client's BO Account on the day the securities are received and/or make payment by cheque "good for payment"/electronic transfer within one day of its receipt of requisition for clearance of payment upon* ***maturity."***

***Contravention(s):***

- **BSEC Order No. SEC/SRMID/94-231/1640 dated January 31, 2008** *by allowing the said client to buy Z category shares using money adjustment facility,* ***and***
- **সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর ধারা ১১ ও দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ২(২) and Regulation 15 of the Dhaka Stock Exchange (Settlement of Transactions) Regulations, 2013** *by making excess payment to the aforesaid client without having sufficient balance in his code.*

যেহেতু, উর্পযুক্ত আলোচ্য বিষয়ে আইন ভঙ্গের কারণে কমশিনরে এনর্ফোসমন্টে বিভাগ র্কতৃক ফেব্রুয়ারি ১৪, ২০২২ তারিখ বিএসইসি/এনফোর্সমেন্ট/৩২৪৭/২০২২/৩০১ স্মারকমূলে Shyamol Equity Management Ltd. কে ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে কারণ প্রর্দশন সহ শুনানীতে উপস্থতি হতে বলা হয়। শুনানীতে উপস্থিত হয়ে Shyamol Equity Management Ltd. -এর পক্ষে Md. Enamul Haque, AVP স্মারক সূত্র নংঃ SEML/TREC-03/2022/28 অনুযায়ী নিম্নলিখিত বক্তব্য দাখিল করেন;

> *".....it is going to be informed that, on that date our trade officer purchased on behalf of customer Code B1058 for shares of TAMIJTEX by providing money adjustment facility which is an inadvertent mistake. After getting a letter from DSE no. DSE/TREC-003/2021/IED/1182 dated September 28, 2021* the matter came to our notice. *Hence, the said trade officer was asked to show cause by the management for this matter, and the officer apologizes for his inadvertent mistake in reply. Accordingly, the trade officer was specifically and strictly warned by our management.*
>
> *In response to the 2nd point of your letter, it is also for your kind information that, we have paid the money at the special request of the customer (Code B1058) from his sale proceed, even though the money was not matured on the said date. It is also mentionable that the said payment was given from the company's own fund and we did not use customer's fund (CCA) and on that day there was surplus money in our CCA...."*

যেহেতু, Shyamol Equity Management Ltd -এর উপরোক্ত বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, উপস্থাপিত অভিযোগসমুহ সঠিক, সেহেতু এক্ষেত্রে Shyamol Equity Management Ltd -এর ব্যাখ্যা কমিশনের নিকট গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হয়নি;

যেহেতু, Shyamol Equity Management Ltd. -এর উপরোক্ত কর্মকান্ডের ফলে BSEC Order No. SEC/SRMID/94-231/1640 dated January 31, 2008; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি)



Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh
Phone (PABX): +88-02-55007131-2, Fax: +88-02-55007106, Email: info@sec.gov.bd, Web: www.sec.gov.bd

বিধিমালা, ২০০০ এর ধারা ১১ ও দ্বিতীয় তফসিল এর আচরণ বিধি ২(২) and Regulation 15 of the Dhaka Stock Exchange (Settlement of Transactions) Regulations, 2013 লংঘন করেছে, যা সিকিউরিটিজ আইনের পরিপন্থী;

যেহেতু, Shyamol Equity Management Ltd. -এর উপর্যুক্ত কর্মকান্ড Securities and Exchange Ordinance, 1969 এর Section 22 এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, কমিশনের বিবেচনায়, সিকিউরিটিজ আইন ও বিধি-বিধান পরিপালনে আলোচ্য ব্যর্থতার জন্য, পুঁজিবাজারের শৃংখলা, স্বচ্ছতা এবং জনস্বার্থে আলোচ্য Shyamol Equity Management Ltd. -কে জরিমানা করা প্রয়োজন ও সমীচীন;

অতএব, সেহেতু, কমিশন উল্লিখিত যাবতীয় বিষয় বিবেচনাপূর্বক, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 22 [যা The Securities and Exchange (Amendment) Act, 2000 দ্বারা সংশোধিত] এবং বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ এ প্রদত্ত ক্ষমতাবলে-

- Shyamol Equity Management Ltd. -কে **৫.০০ (পাঁচ) লক্ষ** টাকা জরিমানা ধার্য করল যা অত্র আদেশের **৩০ (ত্রিশ)** দিনের মধ্যে 'বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন' এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করতে হবে, অন্যথায় সিকিউরিটিজ আইন মোতাবেক পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের আদেশক্রমে,

18.4.22

মোঃ আবদুল হালিম
কমিশনার

বিতরণ:

১। Shyamol Equity Management Ltd.
DSE TREC No. 003
Room # 319, 9/E, Motijheel C/A, Dhaka-1000
Dhaka - 1000



Securities Commission Bhaban, E-6/C Agargaon, Sher-e-Bangla Nagar Administrative Area, Dhaka-1207, Bangladesh
Phone (PABX): +88-02-55007131-2, Fax: +88-02-55007106, Email: info@sec.gov.bd, Web: www.sec.gov.bd